



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০২.২০.০০৮.১৮-২২৫৮/৭;

তারিখ : ০৯/০৫/২০২১ খ্রি

প্রেরক : মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা

প্রাপক : চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
শিক্ষা মন্ত্রণালয়
৪৫, পুরানা পল্টন, ঢাকা।

বিষয় : ২০২০-২১ অর্থবছরের বাজেটে “১২৫০২০৯০০০০০০-সরকারি স্কুল এন্ড কলেজসমূহ” খাতে অতিরিক্ত বরাদ্দ প্রদান।

২০২০-২১ অর্থবছরে ১২৫০২০৯০০০০০০-সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহ” খাত হতে সংযুক্ত তালিকা মোতাবেক বরাদ্দ ব্যয় ও বিলির জন্য তাঁর নিয়ন্ত্রনাধীনে অর্পণ করা হলো এবং বরাদ্দকৃত অর্থ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত আর্থিক ক্ষমতা অর্পণ ও আর্থিক ক্ষমতা পুনঃঅর্পণ বিধি মোতাবেক খরচ করার জন্য অনুমতি ও মঞ্জুরী দেয়া হলো।

০২। ৩১-কর্মচারীদের প্রতিদান (Compensation) অর্থাৎ ৩১১১-নগদ মজুরী ও বেতন খাতের অধীনে বরাদ্দকৃত অর্থ প্রতিষ্ঠানে আত্মীকৃত কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণ বিগত অর্থবছরসমূহের বকেয়া বেতন-ভাতাদি উত্তোলন করতে পারবে।

০৩। ৩২১১-প্রশাসনিক ব্যয়, ৩২৪৪-ভ্রমণ ও বদলী, ৩২৫৫-মুদ্রণ ও মনিহারী, ৩২৫৮-মেরামত ও সংরক্ষণ, ৩৮২১-আবর্তক স্থানান্তর যা অন্যত্র শ্রেণিবদ্ধ নয় এবং ৪১১২-যন্ত্রপাতি ও সরঞ্জামাদি ক্রয় খাতসমূহের অধীন উপখাতসমূহে বরাদ্দকৃত অর্থ হতে ২০১৯-২০, ২০১৮-১৯ ও ২০১৭-১৮ অর্থবছরের বকেয়াসমূহ পরিশোধ করতে পারবে।

০৪। বরাদ্দ ব্যয়ের ক্ষেত্রে এতদ্ সংশ্লিষ্ট সরকারি বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে।

০৫। উদ্বৃত্ত অর্থ ৩০.০৬.২০২১ তারিখের মধ্যে সমর্পণ করতে হবে।


সংযুক্ত ৪ বরাদ্দ পত্রের ০১ পৃষ্ঠা।

স্বা:-

(প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক)
মহাপরিচালক
ফোন : ৯৫৫৩৫৪২

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল :

- ১। সহকারী পরিচালক-১ (অর্থ ও ক্রয়), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (আইবাস++ এ এন্ট্রিকরণ নিশ্চিত করার অনুরোধসহ)।
- ২। প্রধান শিক্ষক/শিক্ষিকা(সকল), -----সরকারি মাধ্যমিক বিদ্যালয়, উপজেলা..... জেলা.....।
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক (সকল)..... বিভাগ.....।
- ৫। জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা(সকল), উপজেলা..... জেলা.....।
- ৬। সংরক্ষণ নথি।


(মোঃ রুহুল মমিন)

উপ-পরিচালক (সঃ প্রশাঃ)
ফোন- ৯৫৫৩৬০৭



